



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dpd.gov.bd

স্মারক নং-৩৬.০৮.০০০০.০০১.১১.২২১.২১.৫২৮

তারিখ: ১৭/১২/২০২৩ খ্রিঃ

নিয়োগপত্র

পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তরের বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ এর পরিপ্রেক্ষিতে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ মোতাবেক জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১১০০০-১১৫৫০-১২১৩০-১২৭৪০-১৩৩৮০-১৪০৫০-১৪৭৬০-১৫৫৫০-১৬২৮০-১৭১০০-১৭৯৬০-১৮৮৬০-১৯৮১০-২০৮১০-২১৮৬০-২২৯৬০-২৪১১০-২৫৩২০-২৬৫৯০/- (গ্রেড-১৩) বেতনক্রমে কম্পিউটার অপারেটর পদে নিম্নবর্ণিত প্রার্থীকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা
১২০০০৩৬	নাম: মোঃ ইসতিয়াক আহম্মদ পিতা: মোঃ আক্তার উদ্দিন ভূঞা মাতা: ছফুরা খাতুন	হোল্ডিং-০৪, গ্রাম/রাস্তা: মেরেংগা, ডাকঘর: বার পাড়া- ২৩০১, নান্দাইল, জেলা: ময়মনসিংহ	হোল্ডিং-০৪, গ্রাম/রাস্তা: মেরেংগা, ডাকঘর: বার পাড়া- ২৩০১, নান্দাইল জেলা: ময়মনসিংহ

শর্তসমূহঃ

- (০১) নিয়োগপ্রাপ্ত কর্মচারীর দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, এতিম ও শারীরিক প্রতিবন্ধী সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ, উপজাতি সনদ বা দাখিলকৃত অন্য কোনো সনদে কোনো ভুল বা অসংলগ্নতা পাওয়া গেলে অথবা নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত কোনো তথ্যে গরমিল পাওয়া গেলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ আদেশ বাতিলপূর্বক চাকরি হতে অব্যাহতি প্রদান করতে পারবে;
- (০২) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোনো প্রকার গরমিল প্রমাণিত হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- (০৩) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে উক্ত শিক্ষানবিশকাল আরো ০২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবে;
- (০৪) শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁকে চাকুরী হতে অপসারণ করা হবে;
- (০৫) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পাদন করতে হবে;
- (০৬) যদি তিনি শিক্ষানবিশকালীন অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন এবং তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে কর্তব্য কাজে অনুপস্থিত থাকলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (০৭) চাকুরীতে ইস্তফা প্রদানে ০১ (এক) মাসের নোটিশ অথবা ০১ (এক) মাসের সমপরিমাণ বেতন সরকারি কোষাগারে জমা দিতে হবে;
- (০৮) কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতিপত্র গ্রহণপূর্বক জমা দিতে হবে;
- (০৯) সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

- (১০) চাকুরীতে যোগদানকালে তাঁকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকার মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না;
- (১১) সংশ্লিষ্ট পদে/ক্ষেত্রে চাকরিকালীন তিনি সরকারি বিধি মোতাবেক ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;
- (১২) এ পদে যোগদানের জন্য সিভিল সার্জন, ময়মনসিংহ এর নিকট স্বাস্থ্য পরীক্ষা করে শারীরিক সুস্থতার সনদপত্র ও ডোপ টেস্ট রিপোর্টসহ দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোনো প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে; এবং
- (১৩) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ কোনো বিষয়ে/ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।
- (১৪) চাকুরীতে যোগদানের জন্য তাঁকে কোন প্রকার দৈনিক ভাতা/যাতায়াত ভাতা প্রদান করা হবে না।

উল্লিখিত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ০১.০১.২০২৪ খ্রি. তারিখের মধ্যে মহাপরিচালক, পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(মোঃ মুনিম হাসান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ২২৩৩৮০৬৯৬

স্মারক নং-৩৬.০৮.০০০০.০০১.১১.২২১.২১.৫২৮()

তারিখ: ১৭/১২/২০২৩ খ্রিঃ

অনুলিপি- সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা;
- ০৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), ডিপিডি, ঢাকা;
- ০৪। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, ময়মনসিংহ;
- ০৫। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ময়মনসিংহ;
- ০৬। সিস্টেম এনালিস্ট, ডিপিডি, ঢাকা (ডিপিডি'র ওয়েবসাইট এ প্রকাশ করার জন্য);
- ০৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিজিএ ভবন, সেগুনবাগিচা, শিল্প মন্ত্রণালয়, ঢাকা;
- ০৮। আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, ডিপিডি, ঢাকা;
- ০৯। অফিস কপি।

(কৌশিক উদ্দিন)

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)